

VIVEKANANDA COLLEGE
THAKURPUKUR
KOLKATA-700063

NAAC ACCREDITED 'A' GRADE

Topic: Asoka's Girnar Rock Edict + Saranath Pillar Edict

Course Title: Introduction to Ancient Indian Script

Paper: CC8

Unit: 1 Sec c

Semester:4

Name of the Teacher: Abhishek Das

Name of the Department: Sanskrit

Declaration

I do hereby declare that page no. 64, 69 to 71 and 302 to 303 of Ashok Avilekha written by Dr. Suchitra Ray Acharyya, published by University of Calcutta, first publish on 2014 as a study material for students of semester 4, Department of Sanskrit of Undergraduate students.

There is no intention to reproduce it or misuse it by any form.

Regard
Abhishek Das

1

প্রথম মুখ্য গিরিলেখ [First Rock-Edict]

স্থান - গির্গার পর্বত, জুনাগড়, কাঠিওয়ার, মহারাষ্ট্র
ভাষা - প্রাকৃত
লিপি - ব্রাহ্মী
সময় - অশোককালীন (= ২৫৮ খ্রী. পূ.)
বিষয় - হিংসা ও সমাজের বিরোধ; ব্যক্তিগত জীবন

প্রথম মুখ্য গিরিলেখ [Rock Edict-I (Text)]

গির্গার লিপির মূলপাঠ

ইয়ং ধম্মলিপি দেবানং পি (প্রি) যেন পি; (প্রি)য়দসিনা রাঞা লেখাপিতা। ইংধ ন কিং চি জীবং আরভিগ্গা (ত্পা) প(প্র) জু-হিতম্বং(বাং) ন চ সমাজো কতম্বো (ব্যো)। বহুকং হি দোসং সমাজম্হি পসতি দেবানং পিং (প্রি) যো পিং(প্রি)য়দসি রাজা। অস্তি পি তু একচা সমাজা সাধুমতা দেবানং পি (প্রি)য়স পি (প্রি)য় দসিনো রাঞে। পুরা মহানসম্হি দেবানং পি(প্রি)য়স পি(প্রি)দসিনো রাঞে। অনুদিবসং বহুনি পা(প্রা)ণসসতসূহসী (স্মা) নি আরভিসু সুপাথায়। সে অজ যদা অয়ং ধম্মলিপি লিখিতা তি এর পা (প্রা)ণা আরভরে সুপাথায় দ্বো মোরা একো মগো। সো পি মগো ন ধুবো। এতে পি তী (ত্রী) পা (প্রা)ণা পছা ন আরভিসরে।

মূলপাঠের সংস্কৃত অনুবাদ

ইয়ং ধম্মলিপিঃ দেবানাং প্রিয়েণ (দেবপ্রিয়েণ) প্রিয়দর্শিনা রাজ্ঞা লেখিতা। ইহ ন কশ্চিৎ জীবঃ আলভ্য প্রহোতব্যঃ। ন চ সমাজঃ কর্তব্যঃ। বহুকান্ হি দোষান্ সমাজে পশ্যতি দেবানাং প্রিয়ঃ প্রিয়দর্শী রাজা। সন্তি অপি চ একতরাঃ সমাজাঃ সাধুমতাঃ দেবানং প্রিয়স্য (দেবপ্রিয়স্য) প্রিয়দর্শিনঃ রাজ্ঞঃ। পুরা মহানসে দেবানাং প্রিয়স্য (দেবপ্রিয়স্য) প্রিয়দর্শিনঃ রাজ্ঞঃ অনুদিবসং বহুনি প্রাণশত সহস্রানি আলপ্সত সুপার্থায়। তৎ ইদানীং যদা ইয়ং ধম্মলিপিঃ লেখিতা ত্রয়ঃ এব প্রাণাঃ আলভ্যন্তে সুপার্থায় দ্বৌ ময়ুরৌ একঃ মৃগঃ। স অপি মৃগঃ ন ধ্রুবম্। এতে অপি ত্রয়ঃ প্রাণাঃ পশ্চাৎ ন আলপ্সন্তে।

বঙ্গানুবাদ : শিলানুশাসন-I : গির্গার

দেবতাদের প্রিয়, প্রিয়দর্শী রাজা কর্তৃক এই ধর্মলিপি লিখিত হয়েছে। দেবতাদের প্রিয়, প্রিয়দর্শী রাজা এই কথা বলছেন : 'এখানে কোন জীবকে বধ করে আত্মতা দেওয়া যাবে না এবং সমাজও করা যাবে না। অর্থাৎ বহুলোক একসঙ্গে হয়ে মেলা, উৎসব প্রভৃতিতে নৃত্যগীত, বাজি, তামাশা, পশুপক্ষীর লড়াই, মাংসাহার, মদ্যপান প্রভৃতি অনুষ্ঠান করা যাবে না। দেবতাদের প্রিয়, প্রিয়দর্শী রাজা সমাজে অর্থাৎ উক্ত অনুষ্ঠানগুলিতে বহুপ্রকার দোষ দেখতে পান। কিন্তু একপ্রকার সমাজ আছে যা দেবতাদের প্রিয়, প্রিয়দর্শী রাজার কাছে সাধু বলে মনে হয়।

আগে দেবতাদের প্রিয়, প্রিয়দর্শী রাজার মহানসে অর্থাৎ রক্ষনশালায় প্রতিদিন রান্নার জন্য শতসহস্র প্রাণ বধ করা হত।

তবে এখানে, যখন এই ধর্মলিপি লেখা হয়েছে তখন সুপার্থে অর্থাৎ রান্নার জন্য তিনটি প্রাণই শুধুমাত্র বধ করা হত। দুটি ময়ূর ও একটি মৃগ; এবং সে মৃগটিও সবসময় বধ করা হত না। পরে এই তিনটি প্রাণও বধ করা হবে না।

প্রথম গিরিলেখ : 1st Rock Edict :

টীকা

১. ধংমলিপী : 'ধংমলিপি' শব্দটির বাংলা প্রতিশব্দ হল ধর্মলিপি। ধর্ম সম্পর্কীয় যে সকল আদেশ রাজার আজ্ঞায় লিপিবদ্ধ হয়ে সাধারণের জানার এবং বোঝার জন্য প্রসিদ্ধ গিরিপাত্রগুলিতে এবং প্রস্তর স্তম্ভে উৎকীর্ণ হয়েছিল। সেগুলিই হল ধর্মলিপি। অশোকের সব আদেশই ধর্মলিপি নামে প্রসিদ্ধ। ধর্ম শব্দের বারবার উল্লেখ অশোকের আদেশনামার মধ্যে দেখা যায়, বিদেশী ঐতিহাসিকগণ তার অনুবাদ করেছেন Sacred Law এবং Law of Piety। রাজকার্যের সুবিধা ও মানুষের আধ্যাত্মিক উন্নতির জন্য ঐ লিপি বা আদেশ লিপিগুলি উৎকীর্ণ হয়েছিল। এই সমস্ত গিরিলিপি ও স্তম্ভলিপি অশোকের সময়ের একমাত্র ঐতিহাসিক ভিত্তি বলে স্বীকৃত হলেও তাদের কোনটিতেই অশোকের নাম নেই।
২. দেবানং পিয় পিয়দশি : অশোকের অনুশাসনে এই কয়টি পাঠান্তর দেখা যায় :
 ১. দেবানং পিয়ে পিয়দসি রাজ - অশোকের সম্পর্কে এই পূর্ণ উপাধি সমগ্র চতুর্দশ গিরিলিপি, সাতটি স্তম্ভলিপি রুম্মিন্দেবী, নিগ্ধীব এবং সারনাথ অনুশাসনে ব্যবহৃত হয়েছে।
 ২. দেবানং পিয়ে - এই উপাধি ধৌলি, জৌগড়, সিদ্ধপুর, ব্রহ্মগিরি, সাসেরাম, রূপনাথ, কৌশাম্বী অনুশাসনে উৎকীর্ণ হয়েছে।
 ৩. পিয়দসি লাজা - এই উপাধি দেখা যায় একমাত্র ভাবড়া অনুশাসনে।

৪. রাজা পিয়দসি - বরাবর শুভালিপিতে এই উপাধি দেখা যায়।

বৌদ্ধসাহিত্যে ব্যবহৃত 'দেবানাং পিয়ো' এবং সংস্কৃত সাহিত্যে ব্যবহৃত 'দেবানাং প্রিয়ঃ, শব্দ দুটি এক অর্থেবিশিষ্ট নয়। সংস্কৃতে দেব শব্দের প্রধানতঃ তিনটি অর্থ প্রচলিত :

১. সুর বা দেবতা ২. পর্জন্য ৩. রাজা। Buchler দেব শব্দের অর্থ করেছেন সুরগণের প্রিয় অর্থাৎ 'Beloved of the God'। তিনি এখানে দেব শব্দে 'সুরগণের প্রিয়' কথাটি যষ্ঠী সমাস রূপে ব্যবহার করেছেন। Vincent Smith দেবপ্রিয় শব্দের অর্থ করেছেন His Sacred Majesty পেরম ভক্তিকাজন মহারাজ প্রিয়দর্শী)। সংস্কৃত অভিধানে 'দেবপ্রিয়' শব্দের চারটি অর্থ পাওয়া যায় - ১. সুরগণের প্রিয় = মহাদেব, ২. সুরগণের প্রিয় আহার = ছাগ, ৩. পশুতুল্য নির্বোধ, মূর্খ ৪. গৃহভাগী সন্ন্যাসী।

এদের মধ্যে প্রথম তিনটি প্রিয়দর্শীর বিশেষরূপে প্রযোজ্য নয়। চতুর্থটিও খুব প্রশস্ত নয়। পাপিনির 'যষ্ঠ্যা আক্ৰোশ' (৬/৩/২১) সূত্র অনুসারে 'নিন্দা' বোঝাতে যষ্ঠী বিভক্তির লোপ হবে না। এই সূত্রের ব্যাখ্যা প্রসঙ্গে অলুক সমাস প্রকরণে কাত্যায়ন বলেছেন, 'দেবানাং প্রিয় ইতি চ মুর্খে'। ভট্টোজী দীক্ষিত বলেছেন, 'অন্যত্র দেবপ্রিয়াঃ'। অর্থাৎ মুর্খ বোঝাতে 'দেবানাং প্রিয়াঃ' এইরকম অলুক সমাস হবে, 'অন্যান্য জায়গায় 'সামু, বোঝাতে দেবপ্রিয়াঃ' এইরকম সমস্তপদ হবে। 'দেবানাং প্রিয়' কথার দ্বারা যদি 'পশুতুল্য বা মূর্খরাজ্য প্রিয়দর্শী এইরূপ আদেশ দিচ্ছেন' - এই অর্থ করা হয়ে থাকে তবে প্রিয়দর্শীর যথেষ্ট দিনের প্রকাশ পেলেও প্রজাসাধারণের কাছে 'মূর্খরাজ্যর আদেশ' - এইরকম উক্তি অত্যন্ত লম্বু ও হাসির বিষয় হবে। অশোকের পৌত্র দশরথও নিজেকে 'দেবানাং প্রিয়ো' বলতেন। সিংহলপতি তিষ্য 'দেবানাং পিয়ো তিসসো' নামে বিখ্যাত ছিলেন। তাঁর উপাধিটি প্রসিদ্ধ থাকার জন্য কচ্ছায়ন (কাত্যায়ন) তাঁর পালি ব্যাকরণে উপহরণ স্বরূপ বলেছেন 'কু গতাসি ত্বং দেবানাং পিয় তিস্‌স (দেবপ্রিয় তিষ্য তুমি কোথায় গেছ?)'। মহারাজ চন্দ্রচন্দ্র 'মুদ্রারাক্ষসে' প্রিয়দর্শন নামে খ্যাত হয়েছেন।

'দেবানাং পিয়ো' উপাধি তিনজন বৌদ্ধ রাজা গ্রহণ করেছিলেন, তা থেকে পরিষ্কার বোঝা যায় যে তাদের ধর্ম অর্থাৎ বৌদ্ধধর্ম হচ্ছে গৌরবের। ইংল্যান্ডে রাজাদের 'Fidei Defenson' বা 'Defender of the Faith' উপাধি গ্রহণের মতো 'দেবানাং প্রিয়' পদটিও 'ধর্মপ্রিয় বা 'ধার্মিক' অর্থে ব্যবহৃত হয়েছে।

বৌদ্ধরাজগণ সেই সময়ে ধর্মনিষ্ঠ অর্থে 'দেবানাং পিয়ো' পদটি গৌরবজনক উপাধিরূপে তারা ব্যবহার করতেন। পরে বৌদ্ধবিদ্বেষী সাহিত্যে ঐ পদদ্বয়ের অর্থের অবনতি ঘটে। দ্বাদশ গিরিলেখে উল্লিখিত 'পায়ণ্ড' শব্দেরও ঐরকম অবনতি ঘটেছিল।

৩. মগো : সংস্কৃত 'মৃগঃ' থেকে বাংলা 'মৃগ শব্দটি এসেছে। মৃগ শব্দের অর্থ 'হরিণ', শুধু এই অর্থে শব্দটি এখানে ব্যবহৃত হয় নি। যেকোন চতুষ্পদ পশুকে মৃগ শব্দের দ্বারা বোঝানো হয়েছে। এইরকমভাবে 'মোরো' শব্দটির দ্বারা 'ময়ূরো' অর্থাৎ ময়ূরকে বোঝায় না, যেকোন পাখীকে বোঝায়। বুদ্ধ যোষ মধিমুনিকায়ের ভয়ভেরবসুত্তের উপর এরকম টীকা করেছেন মগো বা আগচ্ছতি। সক্রচতুষ্পদানাং হি ইধ মগো তি নামং। মোরো বা কট্টং পাতেতী তি'। মোরগ হরণ চ ইধ সক্রপক্খিগহগাং অধিগ্গেতং।

৪. ইধ : 'ইধ' শব্দের সংস্কৃত রূপ 'ইহ' অর্থাৎ এইস্থানে। এইস্থানে বলতে পাটলিপুত্রকে বোঝানো হয়েছে। আবার কারো মতে গির্গার, কালসী, মানসেরা, শাহ্বাজগটী, ধৌলি ও জৌগড় প্রভৃতি স্থানকে বোঝায়। 'এখানে কোন জীব বলির জন্য হত্যা করা হবে না' এই আদেশ দ্বারা সরাসরি বৈদিক বলিব্যবহার বিরোধ ঘোষণা করা হয়েছে। মনুস্মৃতি (৫/২২, ৩৯) প্রভৃতি গ্রন্থে যজ্ঞের জন্য পশুপক্ষি বধকে বৈধ এবং তার জন্য কোন পাপ হয় না একথা বলা হয়েছে। 'যজ্ঞার্থং ব্রাহ্মণৈর্বধ্যাঃ প্রশস্তা মৃগপক্ষিণাঃ।' (মনু ৫/২২)

ব্যাখ্যায় কুপ্লুকভট্ট বলেছেন, 'ব্রাহ্মণাদিভির্বাগার্থং প্রশস্তাঃ শাস্ত্রবিহিতা মৃগপক্ষিনো বধ্যাঃ।' 'যজ্ঞার্থে তু পশুবধে ন দোষঃ ইত্যাদি।

৫. সমাজো : 'সমাজো' শব্দটির বাংলা প্রতিশব্দ সমাজ। সমাজ শব্দের দ্বারা এখানে মেলা বা সাধারণ উৎসবকে বোঝানো হয়েছে। সাধারণতঃ আমোদ-প্রমোদের জন্য সমাজ অনুষ্ঠিত হত, সেখানে অবাধে সুরাপানাদিও চলত। Buehler মেলা অর্থে এবং Senart ও Vencent Smith উৎসব অর্থে সমাজ শব্দটি ব্যবহৃত হত বলে মনে করেন। প্রাচীন গ্রন্থে কোথাও কোথাও উৎসব ও সমাজ এক অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন - 'যাত্রাসমাজোৎসবাঃ'। মহাভারতের ১/১৪৩/৩, ৪/২/৭ ইত্যাদির সঙ্গে তুলনীয়। ধার্মিক সভাকেও সমাজ বলা হত। স্ক, পু, ব্রহ্মখন্ড ১/৪। এছাড়াও সমাজের আরেকটি প্রাচীন অর্থ আছে। বিশাল মাঠের মাঝে মঞ্চের উপর মানুষ ও পশুদের পরস্পর শক্তি পরীক্ষাকেও সমাজ বলা হত।
৬. একচা সমাজা : একচা শব্দটি পালিতে 'একোচ্চ' সংস্কৃতে একতরঃ। দশরথ জাতকে 'একচ্চো কুলপুত্রো' অর্থাৎ 'কোন এক গৃহস্থের ছেলে' বলা হয় - এইরকম প্রয়োগ দেখা যায়। সমাজ অর্থাৎ এই সমাজ হচ্ছে বৌদ্ধসমাজ বা বৌদ্ধসঙ্ঘ।
৭. মহানস : 'মহানস' শব্দের বাংলা অর্থ 'রক্ষনাগার'।

लघु स्तम्भलेख [Minor Pillar Inscription]
[Sārnāth, Kauśāmbi and Sānchī Versions]

सारनाथ स्तम्भलेख [Sārnāth Pillar Edict]

स्थान - सारनाथ, जेला - वाराणसी, राज्य - उत्तरप्रदेश

भाषा - प्राकृत

लिपि - ब्राह्मी

समय - २४७ ख्रीः पूः

विषय - संघभङ्ग शान्ति

सारनाथ (Sārnāth) लघु स्तम्भलेखे मूलपाठः (Text)

१। देवा (नं पिये पियदसि लाजा)

२। ए ल - - - - -

३। पाठ (लिपुते) - - - - - (न)

(चकि)ये केन पि संघे भेतवे (।) - -

ए चूं खो (४) (भिखु वा भिखुनि वा) संघं भाखति (भखति, भिखति, भोखति, others)

(से) ओदातानि दुसानि संनंधापयिया आनावाससि (५) आवासयिसे (१)

हेवं इयं सासने भिखुसंघसि च भिखुनिसंघसि च विनपयितविये।

(६) हेवं देवानं पिये आहा (ः-) हेदिसा च ईका लिपी तुयावंतिकं ह्वाति संसलनसि निथिता (१)

(७) ईकं च लिपिं हेदिसमेव उपासकानंतिकं निथिपाथ (१) ते पि च उपासका अनुपोसथं यावु (८) एतमेव सासनं विश्वंसयितवे (१) अनुपोसथं धुवाये ईकिके महामाते पोषथाये (९) याति एतमेव सासनं विश्वंसयितवे आजानितवे च (१) आवतके च तुयाकं आहाले (१०) सबत विवासयाथ तुये एतेन वियंजनेन (१) हेमेव सबेसु कोटविषेवेसु एतेन (११) वियंजनेन विवासो पयाथा।

मूलपाठे संस्कृत अनुवादः [Sanskrit Rendering, Minor Pillar Inscription, Sārnāth Version]

देवानां प्रियः प्रियदर्शी राजा आज्ञापयति। ये पाटलपुत्रे (अन्यत्र, कौशाभ्यां) महामात्राः (ते) - (मया) संघं समग्रं कृतः। भिक्षुणां भिक्षुनीनां (भिक्षुकीणां) च (न) केनापि शक्यं संघं भेतुम्। यः च खलु भिक्षुः वा भिक्षुणी (भिक्षुकी) वा संघं भङ्गति (भेत्स्यति इत्यर्थः), सः अवदातानि दूयानि संनिधाप्य (संनाह्य इत्यर्थः) अन्यावासे आवास्यः (आवासयितव्यः)। एवं इदं शासनं भिक्षुसंघे च भिक्षुणी (भिक्षुकी) संघे च विज्ञापयितव्यम्। एवं देवानां प्रियः आहः - ईदृशी च एका लिपिः युष्माकं अस्तिके दूयात् इति संसरणे निष्क्रिप्ता। एकां च लिपिं ईदृशीं एव उपासकानां अस्तिके निष्क्रिपत। ते अपि च उपासकाः अनुपवसथं यावुः एतं एव शासनं विश्वासयितुम् अनुपवसथं च प्रव्याय (प्रवमित्यर्थः) एकैकः महामात्रः उपवसथाय (उपोषिताय) याति एतं एव शासनं विश्वासयितुं आज्ञातुं च। यावत्कः युष्माकं आहारः (अधिकारः इत्यर्थः) - सर्वत्र विवासयत यूयं एतेन व्यञ्जनेन। एवं एव सर्वेषु कोटि (कोट) - विषयेषु एतेन व्यञ्जनेन विवासयत। [Additional Sanchi Text-1] (यावत्) पुत्रप्रपोत्रकाः चन्द्रमःसूर्यौ (भवन्तु) [अथवा, पुत्र प्रपोत्रकं चन्द्रमः सूर्यकं भवतु] २) इच्छा हि मे - किमिति? संघः समग्रः चिरस्थितिकः स्यात् इति।

বাংলা অনুবাদ : সারনাথ স্তম্ভলেখ [Sārṇāth Pillar Inscription]

দেবপ্রিয় প্রিয়দর্শী রাজা এইরকম আদেশ করেছেন যে - পাটলীপুত্র বা অন্য জায়গায় কেউ কোন সঙ্ঘের ভাঙ্গন ধরাবে না। ভিক্ষু বা ভিক্ষুণী যে-ই হোক সঙ্ঘের নিয়ম ভঙ্গ করলে তাকে সাদা বস্ত্র পড়িয়ে ভিক্ষুনিবাস থেকে তাড়িয়ে দেওয়া হবে। আমার এই আদেশ ভিক্ষু ও ভিক্ষুণীসঙ্ঘকে জানাবেন।

দেবপ্রিয় এরূপ বলছেন যে, আপনাদের স্মরণের জন্য এরকম একটি লিপি আপনাদের কাছে লিখে পাঠানো হল ও একটি লিপি এভাবেই উপাসকদের কাছে লিখে পাঠানো হোক, যাতে উপাসকগণও প্রত্যেক পার্বণের দিনে আমার এই আদেশ স্মরণ করতে পারেন।

সংসারের প্রত্যেক পার্বণের দিনে মহামাত্রগণ স্বয়ং উপোসথ্য পালন করবেন, আমার এই অনুশাসন স্মরণ করাবেন ও তা প্রচার করবেন। আপনাদের জেলায় (= এলাকার) সবস্থানে আপনারা আমার এই আদেশ পাঠাবেন। সকল প্রদেশে ও সেনানিবাসে তা পাঠানো হোক।

সারনাথ স্তম্ভানুশাসন [Sārṇāth Pillar Inscription]

টীকা

- ১। সারনাথ : বারাণসীর প্রায় দুই ক্রোশ উত্তরে সারনাথ অবস্থিত। বৌদ্ধ ধর্মের প্রথম ও প্রধান প্রচারকেন্দ্র হল সারনাথ। গয়ায় দিব্যজ্ঞান লাভ করে সিদ্ধার্থ মহাজ্ঞানী বা বুদ্ধ হিসাবে খ্যাতি লাভ করেন। তারপর তিনি তাঁর ধর্মীয় বিশ্বাস প্রচার করতে বের হন। এই সারনাথেই তিনি প্রথম প্রচার আরম্ভ করেন। একে বলা হয় 'ধর্মচক্র প্রবর্তন' বা ধর্মের চক্রের আবর্তন (= ঘূর্ণন)। ভগবান্ বুদ্ধ সর্বপ্রথম তাঁর ধর্ম জগতের সম্মুখে প্রচার করেন এই জায়গায়। এখানে একটি অশোকস্তম্ভ স্থাপিত আছে। ১৯০৫ খ্রীষ্টাব্দে তা আবিষ্কৃত হয়।
- ২। কৌশাম্বী, সাঁচী, সারনাথ লেখের বিষয়বস্তু মূলত : এক। এই তিনটি লেখে মহারাজ অশোককে সঙ্ঘের অধিপতি বলে বর্ণনা করা হয়েছে। একদিকে তিনি রাজা অন্যদিকে তিনি সঙ্ঘাধিপতি। এখানেই মহারাজ অশোকের বিশেষত্ব। সঙ্ঘের বিবাদ মেটানোর জন্যই তাঁর এই তিনটি ক্ষুদ্র স্তম্ভলিপি উৎকীর্ণ করা হয়েছে।
- ৩। উপোসথ : মহারাজ অশোক উপসথ অর্থাৎ দিবসীয় কাজের জন্য বের হতেন। এই কাজ পূর্ণিমা, কৃষ্ণপক্ষের চতুর্দশীতে এবং শুক্লপক্ষ ও কৃষ্ণপক্ষের অষ্টমীতে হত। উপোসথ তিথি হল বৌদ্ধদের ধর্মীয় অনুষ্ঠানের দিবস। এই সময় তাঁরা ইন্দ্রিয়ভোগ থেকে বিরত থাকতেন। এই তিথিতে দয়াশীল ব্রত পালন করতেন উপাসকগণ। এই সময় তাঁরা চতুর্দশ ও পঞ্চদশ (= পূর্ণিমা) এই দুটি উপোসথের দিনে সমস্ত বৌদ্ধ সন্ন্যাসী সঙ্ঘে সমবেত হতেন এবং সম্প্রদায়শঃ 'পাতিমোক্খ' পাঠ করা হত।
- ৪। সংসলসি : সংসরণে। ✓ সৃ = গমন। যে জায়গায় সবাই একসঙ্গে যায় বা মিলিত হয়। ভিনসেন্ট স্মিথ অর্থ করেছেন 'office'- কাজের জন্য রাজকর্মচারীদের মিলিত হবার স্থান। দয়ারাম সাহানী অর্থ করেছেন 'place of assembly', 'সংস্মরণ' এরকম অর্থও হতে পারে।
- ৫। তফাকং তিকং : তুমহাকং অস্তিকং = যুদ্ধাকম্ অস্তিকম্, তোমাদের নিকট।